'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2023

## CC1-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) চর্যাপদ কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন ? এটি কী নামে, কোথা থেকে, কত সালে প্রকাশিত হয় ?

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের প্রকৃত নাম কী ছিল ? কোথা থেকে এই নামকরণ সম্পর্কে জানা যায় ? কাব্যটি কোন্ সময়ের রচনা ?

(গ) উত্তর-চৈতন্যযুগের বৈষ্ণব পদাবলী বলতে কী বোঝায় ? এই যুগের চারজন পদকর্তার নাম লেখো।

(ঘ) কাশীরাম দাস মহাভারতের কোন্ কোন্ পর্বের অনুবাদ করেছেন ? তাঁর কাব্যের নাম কী ? কাব্যের অসমাপ্ত অংশ কে সমাপ্ত করেন ?

(ঙ) বাংলা ভাষায় রচিত তিনটি চৈতন্যজীবনী কাব্য এবং সেগুলির রচয়িতার নাম লেখো।

(চ) তিনজন করে মনসামঙ্গল কাব্যের কবি এবং তাঁদের কাব্যের নাম লেখো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) চর্যাপদ-পূর্ববর্তী বাঙালির সাহিত্যচর্চার কেন্দ্র হিসেবে সেন রাজসভার ভূমিকা লেখো।

(খ) চৈতন্য-পূর্ববর্তী ও উত্তর-চৈতন্যযুগের বৈষ্ণব পদাবলীর পার্থক্যগুলি নির্ণয় করো।

(গ) মালাধর বসুর 'ভাগবত' অনুবাদ জনপ্রিয় না হওয়ার কারণগুলি উল্লেখ করো।

(ঘ) বাউল গানের বৈশিষ্ট্যগুলি লেখো।

(ঙ) রামপ্রসাদের কবি প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার সাহিত্যচর্চার স্বাতন্ত্র্যের দিকগুলি সম্পর্কে আলোচনা করো।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১২×২ = ২৪

(ক) বাংলার সমাজ-সংস্কৃতি ও সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

(খ) মনসামঙ্গল কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে এই ধারার যে-কোনো একটি কাব্য ও তার রচয়িতার পরিচয় দাও।

(গ) রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে ? তাঁর ব্যক্তি জীবনের পরিচয় দিয়ে কবি প্রতিভার মূল্যায়ন করো।

(ঘ) গাথা ও গীতিকা বলতে কী বোঝো ? মধ্যযুগের বাংলা সাহিত্যে এই ধরনের সাহিত্যচর্চার পরিচয় দাও।

——×——